

## ৭ অক্টোবর শাহজালালের থার্ড টার্মিনালের আংশিকের উদ্বোধন

- A Monitor Desk Report

Date: 01 October, 2023



**ঢাকা : হযরত শাহজালাল (রহ.) আন্তর্জাতিক বিমানবন্দরের থার্ড টার্মিনাল আগামী ৭ অক্টোবর উদ্বোধন করা হবে বলে জানিয়েছেন বিমান ও পর্যটন প্রতিমন্ত্রী মাহবুব আলী।**

শনিবার ৯৩০ সেপ্টেম্বর) সাংবাদিকদের ব্রিফিংকালে মন্ত্রী বলেন, এদিন বিমানবন্দরের থার্ড টার্মিনালটি উদ্বোধন করবেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা। ইতোমধ্যে উদ্বোধনের চূড়ান্ত প্রস্তুতিও শেষের দিকে।

জানা গেছে, উদ্বোধনী অংশে চলমান কাজ শেষ। টার্মিনালটির অবকাঠামো প্রস্তুত হয়েছে। ইকুইপমেন্টগুলো বসানোর কাজও প্রায় শেষ। এর আগে বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষের (বেবিচক) চেয়ারম্যান এয়ার ভাইস মার্শাল মো. মফিদুর রহমান জানান, প্রধানমন্ত্রী সফট ওপেনিংয়ের পর এয়ারলাইনগুলো নতুন পার্কিং অ্যাপ্রোন ও ট্যাক্সিওয়ে ব্যবহার করতে পারবে। পুরোনো টার্মিনালের অ্যাপ্রোনে ২৯টি বিমান রাখা যায়। সফট ওপেনিং হলে তৃতীয় টার্মিনালের অ্যাপ্রোনে আরও ৮ থেকে ১০টি উড়োজাহাজ রাখা যাবে।

সেসময়ে তিনি আরও জানান, ৭ অক্টোবর আংশিকভাবে চালু হলেও যাত্রীরা টার্মিনাল ব্যবহার করতে পারবেন ২০২৪ সালের শেষের দিকে। কারণ, টার্মিনাল পরিচালনায় যেসব যন্ত্রপাতি ব্যবহার করা হচ্ছে, তা ক্যালিব্রেশন করতে সময় লাগবে ২০২৪ সাল পর্যন্ত।

আরও পড়ুন: [১৫ অক্টোবর পর্যটন নগরের পথে পরীক্ষামূলক ট্রেন](#)

উল্লেখ্য, ৫ লাখ ৪২ হাজার বর্গমিটার আয়তনের এ টার্মিনাল চালু হলে একসঙ্গে ৩৭টি উড়োজাহাজ পার্ক করে রাখা যাবে।

এখানে ২৬টি বোর্ডিং ব্রিজের ব্যবস্থা থাকবে। এর মধ্যে আগামী অক্টোবরে ১২টি বোর্ডিং ব্রিজ চালু করা হবে। বহির্গমনের জন্য মোট চেক-ইন কাউন্টার থাকবে (১৫টি সেলফ সার্ভিস চেক-ইন কাউন্টারসহ) ১১৫টি।

